দৈনিক জনকণ্ঠ

22

তারিখ 02 JUL 1997
পৃষ্ঠা ১ কলাম ৩

# জাতীয় বিশ্ববিদ্যালয় ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ

## পাসের হার ॥ বিএ ৪২.৭৯, বিএসএস ৪২, বিএসসি ৪৪.৫০ ও বিকম ৪৬.২৮

**স্টাফ রিপোর্টার** ॥ জাতীয় বিশ্ববিদ্যালয় মঙ্গলবার '৯৬ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফল প্রকাশ করেছে। ডিগ্রী পরীক্ষার পাঁচটি শাখার মধ্যে বিএ পরীক্ষায় শতকরা ৪২ দশমিক ৭৯ ভাগ, বিএসএস পরীক্ষায় শতকরা ৪২ ভাগ, বিএসসি পরীক্ষায় শতকরা ৪৪ দশমিক ৫০ ভাগ ও বিকম পরীক্ষায় শতকরা ৪৬ দশমিক ২৮ ভাগ ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়েছে। এছাড়া বি মিউজিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ৩৮ দশমিক ৮৯ ভাগ ছাত্রছাত্রী। সার্টিফিকেট কোর্স পরীক্ষায় শতকরা ৫৯ দশমিক ৭৬ ভাগ ছাত্রছাত্রী পাস করেছে।

দেশের ৬শ' ৮৭টি কলেজের ২ লাখ ১৩ হাজার ৫শ' ১০ জন ছাত্রছাত্রী এসব পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে উত্তীর্ণ হয়েছে ৮৫ হাজার ৫শ' ১৩ জন ছাত্রছাত্রী।

(১৫ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## জাতীয় বিশ্ববিদ্যালয় (প্রথম পাতার পর)

### বিএ পরীক্ষা

সারাদেশে বিএ পরীক্ষায় অংশ নেয় ১ লাখ ২৮ হাজার ৪শ' ৯৭ জন ছাত্রছাত্রী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৫১ হাজার ৮১ জন। প্রথম বিভাগ পেয়েছে ১শ' ৬৩ জন, দ্বিতীয় বিভাগ ২৩ হাজার ৭শ' ৭২ জন ও তৃতীয় বিভাগ পেয়েছে ২৭ হাজার ১শ' ৪৬ জন।

### বিএসএস

এ পরীক্ষায় অংশগ্রহণকারী ৪৪ হাজার ৮শ' ৪৯ জন ছাত্রছাত্রীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১৭ হাজার ৩শ' ৩৬ জন। প্রথম বিভাগ পেয়েছে সাতজন, দ্বিতীয় বিভাগ ৬ হাজার ৬শ' ৪২ জন ও তৃতীয় বিভাগ পেয়েছে ১০ হাজার ৬শ' ৮৭ জন।

### বিএসসি

মোট ১১ হাজার ৫শ' ৯৮ জন ছাত্রছাত্রীর মধ্যে বিএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ৫ হাজার ৬২ জন। এর মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ৮৮ জন, দ্বিতীয় বিভাগ ৩ হাজার ৪শ' ৩১ জন ও তৃতীয় বিভাগ পেয়েছে ১ হাজার ৫শ' ৫৩ জন।

### বিকম

বিকম পরীক্ষায় মোট অংশ নেয় ২৫ হাজার ৬৪ জন ছাত্রছাত্রীর। পাস করেছে ১০ হাজার ৬শ' ৫৫ জন। এর মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ১২ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে ৪ হাজার ৪শ' ৮৯ জন ও তৃতীয় বিভাগ পেয়েছে ৬ হাজার ১শ' ৫৪ জন।

### বি মিউজিক

এ পরীক্ষায় ৩৬ জন ছাত্রছাত্রীর মধ্যে ১৪ জন পাস করেছে। প্রথম বিভাগ পেয়েছে একজন, দ্বিতীয় বিভাগ ১২ জন ও তৃতীয় বিভাগ পেয়েছে একজন।

### সার্টিফিকেট কোর্স পরীক্ষা

মোট ৩ হাজার ৪শ' ৬৬ জন ছাত্রছাত্রীর মধ্যে এ পরীক্ষায় পাস করেছে ১ হাজার ৩শ' ৬৫ জন। সার্টিফিকেট কোর্স পরীক্ষায় পাসের হার সবচেয়ে বেশি, শতকরা ৫৯ দশমিক ৭৬ ভাগ।